গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় ঃ উপজেলা পরিষদের মে/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ ঃ ৩১/০৫/২০২২ খ্রিঃ।
সময় ঃ বেলা-১১.৩০ টা।
স্থান ঃ কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি ঃ কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বলেন যে, গনতন্ত্রের মানসকন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ট নেতৃত্ব ও দিকনির্দেশনায় বর্তমানে দেশে করোনা ভাইরাসের প্রভাব নেই বললেই চলে। উপরোক্ত বর্তমানে বিশ্বে নতুন ভাইরাস মাঙ্কিপক্স এর সংক্রমন দেখা দিয়েছে। সকলকে মাঙ্কিপক্স ভাইরাস এর সংক্রমন হতে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন এবং এ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলারও পরামর্শ প্রদান করেন। এ পর্যায়ে তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ০৫/০৪/২০২২খ্রি. মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলায় জাইকা-এর অর্থ দ্বারা বাস্তবায়িত প্রকল্পের মধ্যে মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করার জন্য টেন্ডার আহবান করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে বেঞ্চ-এর দৈর্ঘ্য ৬ ফুট এবং উচ্চতা ২.৫ ফুট থকলেও টেন্ডারে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান তা সরবরাহ করতে পারবেন না মর্মে মৌখিকভাবে জানিয়েছেন। ফলে প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি হয়েছে। এ বিষয়ে জাইকার প্রতিনিধির মাধ্যমে অথবা উপজেলা পরিষদের পক্ষ হতে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে জটিলতা নিরসন করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল বলেন যে, জাইকা-এর স্থানীয় প্রতিনিধি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সাথে সমম্বয় না করে প্রাক্কলন কিভাবে প্রস্তুত করলেন সে বিষয়ে সভায় ক্ষোভ প্রকাশ করেন এবং প্রকল্প বাস্তবায়নে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতের প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে এবং টেন্ডারের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে। টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের বিপরীতে কার্যাদেশ প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদার প্রকল্পের কাজ শুরু করেছেন। তিনি সংশ্লিষ্ট সকলকে কাজের গুনগত মান ও পরিমান বজায় রাখার বিষয়ে নিয়মিত তদারকী করার জন্য অনুরোধ করেন। বাস্তবায়নকৃত প্রকল্পের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে<br>১। এডিপি-এর অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পসমূহ নিয়মিত তদারকী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জাইকা-এর র্অায়নে বাস্তবায়িত প্রকল্পের জটিলতা নিরসনকল্পে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় অনুউপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় ফরেষ্টারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হলো। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া সভায় উপস্থিত। তিনি জানান যে, এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ( ইউআইটিআরসিই) ফেজ-২ প্রকল্পের আওতায় নড়াইল জেলার কালিয়া উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ( পুরাতন কোর্ট ভবনের সম্মুখে) একটি বৈদুতিক খুঁটি স্থানান্তর বাবদ ৫৩,২১৩/- ( তিপ্পান্ন হাজার দুইশত তের) টাকা বরাদ্দ চেয়ে গত ২৬/০৪/২০২২ খ্রি. তারিখে- উমাশিঅ/কালিয়া/নড়াইল/২০২২/১৩৪নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো ( ব্যানবেইস), ঢাকা হতে ০৯/০৫/২০২২খ্রি. তারিখে-৩৭.২০.০০০০.০০৫.১৪.০০৩.২১/৪০২ নং স্মারকে এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ( ইউআইটিআরসিই) ফেজ-২ প্রকল্পের আওতায় নড়াইল জেলার কালিয়া উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ( পুরাতন কোর্ট ভবনের সম্মুখে) একটি বৈদুতিক খুঁটি স্থানান্তর বাবদ ৫৩,২১৩/- ( তিপ্পান্ন হাজার দুইশত তের) টাকা প্রকল্প অফিস হতে ব্যয় নির্বাহ করা সম্ভব নয় বরং উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহের অনুরোধ করেছেন। তিনি আরো বলেন যে, অতি দ্রুত বৈদ্যুতিক খুঁটিটি অপসারণ করা আবশ্যক নতুবা ভবন নির্মাণ কাজ আরম্ভ করা সম্ভব হচ্ছে না মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বিদ্যুতের খুটি অপসারণ করার বিষয়ে জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া জোনাল অফিস, কালিয়াকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয় এবং বৈদ্যুতিক খুঁটি অপসারণের ব্যয় বাবদ দ ৫৩,২১৩/- ( তিপ্পান্ন হাজার দুইশত তের) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২১-২২ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা, ৪০দিনের কর্মসৃজন কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। সভায় উপস্থাপনযোগ্য আর কোন আলোচ্য বিষয় নেই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। মাসিক সভায় উপস্থাপন যোগ্য কোন আলোচ্য বিষয় নেই। বর্তমান মৌসুমে এ উপজেলায় কোন সারের সংকট নেই এবং আগামী ২/১ মাসের মধ্যে সারের সংকট হওয়ার কোন সম্ভাবনাও নেই। তিনি আরো বলেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় কৃষি বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী সরকারের বিভিন্ন নির্দেশনা প্রতিপালন করেছেন এবং সাধারণ জনগন যাতে স্বাস্থ্যবিধি মেনে চলেন সে বিষয়ে গুরুত্বেও সাথে কাজ করেছেন। ভবিষ্যতেও সরকারের যে কোন ধরণের সিদ্ধান্ত মাঠ পর্যায়ে প্রতিপালনে গ্রণী ভূমিকা পালন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | ১। বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে। চীরেই বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। তিনি জানান যে, বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিস যথাযথভাবে প্রতিপালন করছেন এবং মানুষকে নিরলসভাবে সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অব্যাহত আছে ও থাকবে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে , বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিসকে যথাযথভাবে প্রতিপালনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে প্রাথমিক বিদ্যালয় সমূহ খুলে পাঠদান কার্যক্রম চলমান আছে। চলতি রমজানে মাসেও শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। ঈদের ৪/৫ দিন পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান ছুটি প্রদান করা হবে। তিনি আরো জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ ছাড়া ক্লাস্টার ভিত্তিক শিক্ষকবৃন্দ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা কার্যক্রমের মধ্যে থাকে সে বিষয়ে শিক্ষা দপ্তরের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারি সিদ্ধান্ত পাওয়া গেলেই পুনরায় শিক্ষা প্রতিষ্ঠানে নবউদ্যোমে শিক্ষা কার্যক্রম চালু করার জন্য শিক্ষা বিভাগ সম্পূর্ণ প্রস্তুত আছে। | বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সচল রাখার জন্য অনলাইন শিক্ষা কার্যক্রম পুরোদমে চালু করাসহ শিক্ষকবৃন্দ স্ব স্ব ক্লাস্টার এলাকার অভিভাবকদের সাথে মোবাইলের মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়ার খোজ-খবর নেয়ার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা সমাজসেবা | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভাকে জানান যে, তৃতীয় কিস্তির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা ও উপবৃত্তির, বেদে ভাতা ও উপবৃত্তি, | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, | উপজেলা সমাজসেবা |

| | | | |
|---|---|---|---|
| অফিস | অনগ্রসর ভাতা ও উপবৃত্তির পেরোল প্রদান করা হয়েছে। ঈদের আগেই সংশ্লিষ্ট ভাভোগীর হিসাবে ভাতার টাকা পৌরছ যাবে মর্মে সদর কার্যালয় হতে জানানো হয়েছে। দ্বিতীয় কিস্তির বয়স্ক ভাতার ১০৬ জন, বিধবা ভাতার ১৮৭ জন এবং প্রতিবন্ধী ভাতার ৪৫জনের অর্থ তাদের হিসাবে না ঢুকে বাউন্স ব্যাক হয়েছে, যা সংশোধন করে পাঠানো হয়েছে। প্রতি তিন মাস পর পর মৃত ভাতাভোগী প্রতিস্থাপন করে চিঠি দিতে হবে মর্মেও তিনি সভার মাধ্যমে সংশ্লিষ্টদের অবহিত করেন।অন্যথায় মৃত ভাতাভোগীর হিসাবে টাকা গেলে ইউনিয়ন কমিটিকে দায়িত্ব নিতে হবে। ভাতাভোগীর মোবাইল নম্বর পরিবর্তনের জন্য স্বশরীরে উপস্থিত হয়ে নম্বর পরিবর্তন করতে হবে। অন্যথায় নম্বর পরিবর্তন করতে হলে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানের প্রত্যয়ন/সত্যয়ন করে আনতে হবে।<br>উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভাবে আরো জানান যে, বিকাশের একমাত্র কাষ্টমার কেয়ার নড়াইল থাকায় ভাতাভোগীদের পক্ষে সেখানে গিয়ে সেবা নিতে অনেক কষ্ট স্বীকার করতে হয়। তাই কালিয়া উপজেলা সদরে একটি কাষ্টমার কেয়ার স্থাপনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | নড়াইল-এর প্রস্তাবমতে কালিয়া উপজেলা সদরে একটি কাষ্টমার কেয়ার সেন্টার স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা সমাজসেবা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ / যোগযোগ স্থাপন করে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে যুবক ও যুবা মহিলাদের আত্নকর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া যারা যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের ঋণ প্রদান করা হচ্ছে। ঋণ গ্রহীতারা যাতে করে আত্নকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে সে বিষয়ে মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রেখেছেন। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্বায়িত মহিলাদের প্রশিক্ষণ, মাতৃত্বভাতা প্রদান, ভিজিডি প্রদান কার্যক্রম অব্যাহত আছে। বিগত ২০১৯-২০ অর্থ বছরে এ উপজেলার অনুকূলে বরাদ্দকৃত সকল ভাতার তালিকা প্রণয়ন পূর্বক প্রত্যেককে বই সরবরাহ করা হয়েছে। নতুন ২০২০-২১ অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া করোনা ভাইরাসের কারণে আপাতত মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। সরকারের নির্দেশনা পেলেই প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজে আরো গতিশীলতা আনয়নের বিষয়ে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল।<br>২। চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। |
| উপজেলা আনসার ও ভিডিপি অফিস | ভারপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের কারণে আনসার ভিডিপি-এর গ্রাম প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। করোনায় ক্ষতিগ্রস্থ অসহায় মানুষকে উপজেলা আনসার ও ভিডিপি-এর পক্ষ হতে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। এ ছাড়া সামাজিক দূরত্ব বজায় রাখা ও স্বাস্থ্য বিধি প্রতিপালনে মাঠপর্যায়ে আনসার ভিডিপি-এর সদস্যরা নিয়মিত কাজ করছেন। তিনি জানান তাদের দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপজেলা আনসার ভিডিপি অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান বৈশ্বিক মহামারি করোনার কারণে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের কাজ সাময়িক বন্ধ আছে। পরিস্থিতির উন্নতি হলে সরকারের নির্দেশনার আলোকে স্থগিতকৃত প্রকল্পের কাজ পুনরায় শুরু করা হবে। এ ছাড়া কালিয়া উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে সকল ইউনিয়নে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ( সাবান, ব্লিচিং পাউডার) বিনামূল্যে বিতরণ করা হয়েছে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| উপজেলা প্রানিসম্পদ অফিস | উপজেলা প্রানিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের কারণে গবাদি পশুর চিকিৎসাসহ অন্যান্য সেবা প্রদানে কিছুটা সমস্যা হলেও স্বাস্থ্যবিধি মেনে গবাদি পশুর চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। এ ছাড়া খামারিদের স্বাস্থ্য বিধি মেনে খামারের পশুদের পরিচর্চা করার প্রয়োজনীয় পরামর্শ, চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কালিয়া উপজেলায় পর্যাপ্ত পরিমানে কোরবানীর পশু লালন পালন করা হচ্ছে। স্থানীয়ভাবে খামারে উৎপাদিত পশুর মানও ভাল। এ ছাড়া তিনি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা নার্সারী, বনবিভাগ | উপজেলা ফরেস্টার সভায় উপস্থিত। তিনি মুজিব বর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় প্রতিটি ইউনিয়নে একটি করে মডেল/ প্রদর্শনী সামাজিক বনায়ন বৃদ্ধি করার কার্যক্রম চলমান আছে। সে লক্ষ্যে উপজেলা | সামাজিক বনায়ন বৃদ্ধিসহ মুজিববর্ষ উপলক্ষ্যে মডেল/প্রদর্শনী সামাজিক বনায়ন বাস্তবায়ন নিশ্চিত করার জন্য | ফরেষ্টার, বনবিভাগ, উপজেলা নার্সারী, |

| | | | |
|---|---|---|---|
| | নার্সারী হতে প্রতি ইউনিয়নে ১০০০টি ফলজ,বনজ এবং ঔষধী চারা গাছ বিনামূল্যে বিতরণ কর্মসূচী চলমান। তিনি উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানদের উপজেলা নার্সারী হতে গাছের চারা গ্রহণ করার অনুরোধ করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বনবিভাগ, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ) সভায় উপস্থিত। তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। কাজের অগ্রগতি সন্তোষজনক। প্রকল্প সংশ্লিষ্টদের যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য তিনি অনুরোধ করেন। | | |

৪। বিবিধ ঃ

| | | | |
|---|---|---|---|
| বিবিধ -১ | সভায় উপস্থিত বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ জানান যে, তাদের এলাকায় কতিপয় গুরুত্বপূর্ণ খাল রয়েছে যা খনন করলে এলাকার জনসাধারণ এবং প্রান্তিক পর্যায়ের কৃষকদের ব্যাপক উপকার হবে। তার অদ্যকার সভার মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিদ্যমান খালগুলি পুনঃখনন পকল্প গ্রহণ করতঃ অর্থ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| | বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত খালগুলি পুনঃখনন করার বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়<br>১। চরমধুপুরহতে মুলশ্রী ব্রীজ হয়ে বাগুডাঙ্গা বাজার হয়েআঠারবাকী নদী পর্যন্ত খালটি পুনঃখনন ও স্লুইচ গেইট মেরামত প্রকল্প।<br>২। মাথাভাঙ্গা ব্রীজঘাট হতে বড়নাল বাজার হয়ে রাজাপুর অভিমুখে ১০কিঃমিঃ খাল পুনঃখনন।<br>৩। বড়নাল বিলদুড়িয়া স্লুইজ গেইট হতে বড়নাল মাঠ হয়ে বিএসকে বিল অভিমুখী ৭কিঃমিঃ খাল পুনঃ খনন।<br>৪। উত্তর ডুমুরিয়া বড়ঘোপ হতে চরডুমুরিয়া মধুমতি নদী পর্যন্ত ১৫০০ মিটার খাল পুনঃখনন।<br>৫। " গুড়িগাতী ব্রীজ হতে সীবানন্দপুর রোস্তম মীরের বাড়ী পর্যন্ত আনুমানিক ২৫০০মিটার খাল পুনঃখনন" | | |
| বিবিধ -২ | সভায় উপস্থিত বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ জানান যে, তাদের এলাকায় কতিপয় গুরুত্বপূর্ণ প্রকল্প রয়েছে যা আশু বাস্তবায়ন করা আবশ্যক। প্রকল্পগুলি বাস্তবায়ন করলে এলাকার জনসাধারণ এবং প্রান্তিক পর্যায়ের কৃষকদের ব্যাপক উপকার হবে। তার অদ্যকার সভার মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিদ্যমান প্রকল্পগুলি গুরুত্বের সাথে গ্রহণ করতঃ অর্থ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।<br>বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত প্রকল্প সমূহ ধাপে ধাপে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। উপজেলা পরিষদের প্রধান ফটক/ বিদ্যমান গেইট ভেঙ্গে স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদি ডিজাইন মোতাবেক নতুন প্রধান ফটক নির্মাণ/ গেইট নির্মাণ প্রকল্প।<br>২। খাশিয়াল ঘোপ-এ মুক্তা চাষ প্রকল্প গ্রহণ।<br>৩। বারইপাড়া টু মহাজন রাস্তাটি মেরামত করণ প্রকল্প গ্রহণ।<br>৪। বিলদুড়িয়া বাজার হতে ইউপি পরিষদ হয়ে রাজাপুর পর্যন্ত বিদ্যমান রাস্তাটি মেরামত/ পিচ ঢালাই করণ প্রকল্প।<br>৫।খাশিয়াল গ্রামেনুর শরীফের বাড়ী হতেমুছা বিশ্বাসের মৎস্য খামার পর্যন্ত ২০০০ মিটার রাস্তার আইডি করণ প্রস্তাব প্রেরণ।<br>৬। জয়নগর ইউনিয়নের বড়ফা খেয়াঘাট হতে চরঘ্যানাসুর ও চরশুকতাইল হয়ে পানি পাড়া পর্যন্ত রাস্তা আইডি করণের প্রস্তাব প্রেরণ।<br>৭। বুড়িখালী হতে পেড়লী খেয়াঘাট অভিমুখী রাস্তা আইডি করণের প্রস্তাব প্রেরণ।<br>৮। বিলদুড়িয়া মাতাল বাড়ী মসজিদ হতে দুলোল মাতালের বাড়ী অভিমুখী রাস্তা কার্পেটিং করণ প্রকল্প।<br>৯। মাথাভাঙ্গা চৌরাস্তা হতে গুচ্ছগ্রাম হয়েবড়নাল দাখিল মাদ্রাসা পর্যন্ত রাস্তা পিচ ঢালাই করণ প্রকল্প।<br>১০। বড়নাল বাজার হতে বি,এস,কে বিল অভিমুখী রাস্তা পাকা করণ প্রকল্প। | | |
| বিবিধ -৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল সভায় বলেন যে, উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানগণ তাদের নিজস্ব ভবন করার জন্য জায়গা বরাদ্দ চেয়ে পরিষদের নিকট আবেদন করেছেন। কিন্তু উপজেলা প্রকৌশল অধিদপ্তর এবং উপজেলা নির্বাহী অফিস সূত্রে জানা যায় যে, মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মাষ্টারপ্লান অনুযায়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে কোন ফাঁকা জায়গা নেই। ফলে কোন দপ্তরকেই জায়গা বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছে না। ফলে উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন নতুন স্থাপনা নির্মাণ করা সম্ভব হচ্ছে না অপর দিকে উপজেলার বিভিন্ন দপ্তকে ভবনের অভাবে দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে চালিয়ে নেয়াও সম্ভব হচ্ছে না। তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে জায়গা বরাদ্দ প্রদান করা সম্ভব হলে সকল দপ্তরই নতুন ভবন নির্মান করতে পালে পরিষদের নান্দনিক সৌন্দর্যের বৃদ্ধি ঘটতো। এ কারণে বর্তমান পরিষদের জায়গার বিষয়ে ভবিষ্যতে করণী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহলে লক্ষ্যে পরিষদের মাষ্টারপ্লানটি জনসম্মুখে আনা প্রয়োজন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আগামী সভার পূর্বে উপজেলা পরিষদের মাষ্টারপ্লানটি পর্যালোচনা করে বিদ্যমান খালি জমি এবং ভবিষ্যতে ব্যবহার করা যাবে/ হবে এমন জমির সুনির্দিষ্ট স্কেচ ম্যাপ প্রস্তুত করে একটি প্রতিবেদন উপজেলা প্রকৌশলী দিবেন এবং মূল মাষ্টারপ্লানটি আগামী সভায় উপস্থাপন করবেন মর্মে সভায় সর্বসম্মত সদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কৃষ্ণপদ ঘোষ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২১- (৫০) তারিখঃ ০৩/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৮। উপজেলা ....................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,.....................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

Aislam 03/05/2022

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।